Cost of goods sold has decreased as compared to to last year; hence gross profit percentage has increased to 18.94% during this year whereas it was 16.94% in the last year. Net profit percentage is increased 7.20% to 7.79% for the year.

Going Concern

The financial statements of the Company have been prepared on a going concern basis, which contemplates the realization of assets and the satisfaction of liabilities in the normal course of business. The Board of Directors of ATL has made annual assessment about whether there exists any material uncertainty which may cast significant doubt upon the Company's ability to continue as a going concern, including review of budget and future outcome of inherent uncertainties in existence. Based on the different indications, Directors feel it appropriate to adopt going concern assumptions and no material uncertainty exists in preparing the financial statements.

Extra Ordinary Gain or Loss

There was no extra ordinary gain or loss during the year 2018.

Related Party Transaction

Related party transaction is shown in the page no. 81 of audited financial statements of 2018.

Variance in Quarterly and Annual Financial Statements

There is no significant variance occurred during the year 2018 in quarterly and annual financial statements.

Directors Remuneration

No remuneration was paid to any director including Independent Director except Managing Director & CEO.

Corporate and Financial Reporting Framework

- The financial statements prepared by the Management of ATL, present fairly its state of affairs, the result of its operations, cash flows and changes in equity.
- Proper books of account of the issuer company have been maintained.
- Appropriate accounting policies have been consistently applied in preparation of the financial statements and that the accounting estimates are based on reasonable and prudent judgment.

International Accounting Standards (IAS)/ Bangladesh Accounting Standards (BAS)/ International Financial Reporting Standards (IFRS)/ Bangladesh Financial Reporting Standards (BFRS), as applicable in Bangladesh, have been followed in preparation of the financial statements and any departure there from has been adequately disclosed.

- The system of internal control is sound in design and has been effectively implemented and monitored.
- There are no significant doubts upon the issuer company's ability to continue as a going concern.
- There are no significant deviations in the operating result of the company compared to the last year.

DIRECTORS' RESPONSIBILITY STATEMENT

Responsibility to Financial Statements

The Board of Directors of aamra technologies limited would like to inform that the audited accounts containing the Financial Statements for the year ended 30th June 2018 are in conformity with the requirements of the Companies Act-1994, International Accounting Standards (IAS) and International Financial Reporting Standards (IFRS) as adopted by ICAB, Securities & Exchange Rules- 1987 and the Listing Regulations of the Dhaka and Chittagong Stock Exchanges and they believe that the financial statements reflect fairly the form and substance of transactions carried out during the year and reasonably present the Company's financial condition and results of operations. These Financial Statements are audited by the Statutory Auditors, G. Kibria & Co. Chartered Accountants, Dhaka.

In accordance with the provisions of section 185 of the Companies Act, 1994 and based on the information provided by the management, your directors state that:

- I. In the preparation of accounts, the applicable accounting standards have been followed;
- II. They have selected such accounting policies and applied them consistently and made judgments and estimates that are reasonable and prudent so as to give a true and fair view of the state of affairs of the Company as at 30th June, 2018 and of the profit of the Company for the year ended on that date;
- III. They have taken proper and sufficient care for the maintenance of adequate accounting records in accordance with the provisions of the Companies Act, 1994 for safeguarding the assets of the Company and for preventing and detecting fraud and other irregularities; and
- IV. They have prepared the annual accounts on going concern basis.

Internal Control System

The Company has taken proper steps and sufficient care in building a system of internal control, which is reviewed, evaluated and updated regularly. The internal audit department of the Company conducts periodic audit to provide reasonable assurance that the established policies and procedures of the Company were consistently followed.

Opinion of the External Auditors

G. Kibria & Co. Chartered Accountants, the external auditor of the Company have carried out annual audit to review the system of internal controls, as they consider appropriate and necessary, for expressing their opinion on the financial statements. They have also examined the financial statements made available by the management together with all the financial records, related data, minutes of share-holders meeting and board meetings, relevant policies and expressed their opinion.

Five years financial information

This is incorporated in the page no 18 of annual report.

Dividend

The Board of Directors of ATL have recommended 10% cash dividend for the shareholders out of profit of the year 2018 at the time of considering of the Annual Financial Statements of the company subject to the approval by the shareholders in the forthcoming Annual General Meeting.

Board Meetings and Attendance by the Directors

Attendance by the Directors in the Board of Directors' Meeting are summarized and given below:

Sl.No	Name	Number of Meeting	Number of Attendance
1	Syed Faruque Ahmed	12	12
2	Syed Farhad Ahmed	12	12
3	Syeda Munia Ahmed	12	11
4	Fahmida Ahmed	12	10
5	K.M Hasan, FCA	12	04

Shareholding Pattern: as on June 30, 2018

Sl.No.	Name	Position	No. of Shares	%
1	Syed Faruque Ahmed	Director & Sponsor	5,665,192	10.23%
2	Syed Farhad Ahmed	Director & Sponsor	5,665,191	10.23%
3	Amina Ahmed Chowdhury	Sponsor	3,067,658	5.54%
4	Syeda Munia Ahmed	Director	1,109,021	2.00%
5	Fahmida Ahmed	Director	1,109,021	2.00%
6	K.M.Hassan, FCA	Independent Director	-	-
7	Institutions		17,815,510	32.18%
8	General public		20,937,802	37.82%
9	Chief Financial Officer, Company Secretary & Head of Internal Audit		Nil	Nil
10	Executives		Nil	Nil
11	Spouse and Minor Children of Executives		Nil	Nil
	TOTAL		55,369,395	100.00%

Details of Shareholding position of shareholders who hold 10% or more shares

1	Syed Faruque Ahmed	Director & Sponsor	5,665,192	10.23%
2	Syed Farhad Ahmed	Director & Sponsor	5,665,191	10.23%

Directors Appointment & Re-appointment

As per the Articles of Association of the Company 1/3 Directors of the Company will retire by rotation each/every year. In this regard Syeda Munia Ahmed and Fahmida Ahmed is retired from the board and recommended for re-election as director as they are eligible for the re-election.

A brief profile of them is illustrated in the page no. 14 to 15 of the annual report 2018.

Appointment of Auditor

G. Kibria & Co. Chartered Accountants had been appointed as the statutory auditors for the year 2018 for second term. They are eligible for re-appointment for further one year term. They intend their intention to get reappointment for the year 2019. The board of directors finally recommended G. Kibria & Co. Chartered Accountants, Sadharan Bima Sadan, (5th Floor), 24-25, Dilkusha C/A, Dhaka-1000, Bangladesh for appointing as statutory auditor for the year 2019 and also recommended remuneration of Tk.170,000.00 (One lac Seventy Thousand) only subject to the approval by the shareholders in the forthcoming AGM.

Appointment of Independent Director

Mr. K M Hasan has successfully served his tenure as Independent Director. A New Independent Director need to be appointed for the tenure of 3 years Mr. Md. Shahidul Islam (ACA) has expressed his interest for the position of new Independent Director. The Board of Directors recommended MD. Shahidul Islam ACA to be the new Independent Director of the company for the tenure of 3 years with commence from 1st July 2018, subject to the approval of honorable shareholders at upcoming Annual General Meeting. A brief profile of Mr. Md. Shahidul Islam ACA given in the page number 15

Appointment of Practicing Professional Accountant or Secretary for Certificate for Compliance of Corporate Governance

Malek Siddique Wali, Chartered Accountants had been appointed for certificate on compliance of Corporate Governance for the year 2018. They intend their interest to get appointment for the year 2019. The Board of Directors recommend to appoint them for certificate on compliance of Corporate Governance for the year 2019, as they are eligible and also recommended their remuneration for BDT. 30,000/- (Thirty Thousand only) subject to the approval of the Shareholders at the upcoming AGM.

Corporate Governance

Separate report on corporate governance is illustrated in page no. 41 to 48

Contribution to the National Economy

We believe that we have some responsibilities to the development of the country where we operate our business and to the society to which we belong to. ATL contributes to the national exchequer in the form income tax, VAT & excise duty. During the year 2018 company's contribution to the national exchequer is given below.

Particulars	(Figures in Million BDT) 2018	(Figures in Million BDT) 2017
Income Tax paid on company's income	43.88	30.19
Tax collected at source on behalf of Government	9.93	11.46
Value Added Tax (VAT)	103.80	85.38
Customs Duty	12.60	14.88
Total	170.21	141.91

Efficient workforce is very important for the organization. Keeping same in the mind, ATL has spent Tk. 76.15 million as salaries and allowances to its employees.

Credit Rating

National Credit Ratings Limited reaffirms AA- in the long term and ST-2 in the short term rating of aamra technologies limited in its latest rating done based on the Company's financial Statements of 2017.

Acknowledgement

The Board of Directors of the Company would like to extend their sincere thanks and gratitude to its stakeholders for assistance and guidance from time to time. The Directors of the Company acknowledge their gratitude to its customers, financiers and other regulatory authorities for their guidance and support to the Company and the co-operation extended by the Auditor, and the devoted efforts put in by the Company's employees at all levels to uphold the Company's performance.

On behalf of the Board of Directors



Syed Faruque Ahmed
Chairman

পরিচালনা পর্ষদের প্রতিবেদন - ২০১৮

প্রিয় অংশীদারবৃন্দ,

আমরা টেকনোলজিস লিমিটেড (এটিএল)-এর ২৯তম বার্ষিক সাধারণ সভায় আপনাদের স্বাগতম। আমরা আনন্দের সাথে ৩০ জুন ২০১৮ তারিখের নিরীক্ষিত আর্থিক প্রতিবেদন সেই সঙ্গে নিরীক্ষা ও পরিচালনা পর্ষদের প্রতিবেদন পেশ করছি।

বাংলাদেশের অর্থনীতি

প্রগতিশীল সমাজনীতি ও কিছুটা ঐতিহাসিক ভাগ্যে বাংলাদেশ দক্ষিণ এশিয়ার অন্যতম দরিদ্র দেশ থেকে উচ্চাকাঙ্ক্ষী “টাইগার” অর্থনীতির দেশে পরিণত হয়েছে। বিশ্বব্যাংকের সাম্প্রতিক তথ্যানুসারে, তৃণমূল সম্পৃক্তকরণের ইতিবাচক প্রভাব পড়েছে অর্থনীতিতে, এজন্য বাংলাদেশ সরকার কৃতিত্বের দাবিদার। প্রাপ্তবয়স্ক বাংলাদেশিরা তাঁদের ব্যাংক হিসাবে ২০১৮ সালে ৩৪.১ শতাংশ ডিজিটাল লেনদেন করেছেন – যা দক্ষিণ এশিয়ার গড়ে ২৭.৮ শতাংশের সঙ্গে তুলনীয়। পাশাপাশি মাত্র ১০.৪ শতাংশ বাংলাদেশি ব্যাংক হিসাব “সুপ্ত” (অর্থাৎ, গত বছর এগুলোতে কোনো ধরণের লেনদেন হয়নি), অন্যদিকে ভারতীয় ব্যাংক হিসাবের ক্ষেত্রে এই হার ৪৮ শতাংশ।

আইএমএফ বাংলাদেশের অর্থনৈতিক প্রবৃদ্ধি ২০২১ সালের মধ্যে ১৮০ বিলিয়ন মার্কিন ডলার থেকে ৩২২ বিলিয়ন মার্কিন ডলার প্রাক্কলন করেছে। ২০১৮ সালে জিডিপি’র মোট আকার ছিল ২৪৯.৮৬ বিলিয়ন মার্কিন ডলার এবং ক্রমবর্ধমান প্রবৃদ্ধির হার ছিল ৭.২৮ শতাংশ। অভ্যন্তরীণ বাজারের উচ্চ-প্রবৃদ্ধি, সরকারের সহায়তা, লক্ষ্যমাত্রার স্বল্পমূল্য এবং মূলধনের প্রাপ্যতা সারা বিশ্বের বিনিয়োগকারীদের এ-দেশে নতুন বাজার অন্বেষণের অভূতপূর্ব সুযোগ করে দিয়েছে। এর পাশাপাশি, ইতোমধ্যে বাংলাদেশ এশিয়া প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলের অন্যতম শীর্ষস্থানীয় বৈদেশিক বিনিয়োগ (এফডিআই)-লক্ষ্যের দেশ। গত ছয় বছরে বাংলাদেশে মোট বিনিয়োগ বেড়েছে ব্যাপকভাবে – যা ২০১৬-১৭ সালে ছিল ২.৬৫ বিলিয়ন মার্কিন ডলার এবং শুধুমাত্র এই অর্থবছরে বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ দেশি, বিদেশি ও যৌথ উদ্যোগের ২৩.২৫ বিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ-নিবন্ধন করেছে – যা গত বছরের চেয়ে ৬৬ শতাংশ বেশি। গত ১০ বছরে জাতীয় বৈদেশিক-মুদ্রা সঞ্চিতি বেড়েছে পাঁচগুণের বেশি – যা ২০০৭-০৮ অর্থবছরে ছিল ৬.১৪ বিলিয়ন মার্কিন ডলার, ২০১৮’র মার্চে তা হয়েছে ৩২.২১ বিলিয়ন মার্কিন ডলার এবং ২০১৮’র আগস্টে সেটি হয়েছে ৩৩ বিলিয়ন মার্কিন ডলার।

গত অর্থবছরে শিল্প-উৎপাদন ও সেবাখাতের প্রবৃদ্ধি স্থিতিশীল ছিল। মূল্যস্ফীতি বেড়েছে, প্রাথমিকভাবে সরবরাহ-স্বল্পতার কারণে। মুদ্রানীতি সুবিধাজনক রয়েছে। আর্থিকখাতের ঝুঁকি বাড়ছে, তবে এই পরিস্থিতি মোকাবেলায় সরকার প্রস্তুতি নিয়েছে। বুদ্ধিবৃত্তিক নিয়ন্ত্রণের কারণে ঋণের সুদ দুই অংকে ফিরেছে। দারিদ্রবিমোচন চলেছে, তবে গতি ধীর হয়েছে। দারিদ্রবিমোচনের হার এক শতাংশ বেড়ে এক-তৃতীয়াংশ কমেছে, যাহোক এ-ক্ষেত্রে সরকারের ক্রমাগত সতর্কতা লক্ষণীয় ও প্রশংসার যোগ্য। অতিদারিদ্র মধ্যমেয়াদে ১১-১২ শতাংশে নামিয়ে আনার লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। ব্যাংকের স্বচ্ছলতার মধ্যে ঝুঁকিপূর্ণ দিক এবং নির্বাচনের দিকে এগিয়ে যাওয়া অস্থিতিশীলতা ও কর্মপন্থার ক্ষেত্রে অনিশ্চয়তা বাড়ছে। পরবর্তী সময়ে, বিনিয়োগ ও উদ্ভাবনী পুনর্নির্ন্যাস উন্নয়ন-অগ্রগতি ত্বরান্বিত করার মূল চাবিকাঠি হবে।

দৃঢ় প্রবৃদ্ধি চলমান

২০১৮ অর্থবছরের জিডিপি প্রবৃদ্ধি বাড়ছে রপ্তানি ঘুরে দাঁড়ানো ও জোরালো দেশজ চাহিদার কারণে। তৈরী-পোষাক রপ্তানি পুনরায় বেড়েছে। উপসাগরীয় সহযোগিতা সংস্থা (জিসিসি) দেশসমূহ, যুক্তরাষ্ট্র ও অন্যান্য দেশ থেকে আসা প্রবাসী-আয় উল্লেখযোগ্যভাবে পুনরুজ্জীবিত হয়েছে। মূলধনী যন্ত্রপাতি আমদানি চাঙ্গা হয়েছে। যদিও ২০১৮ অর্থবছরে স্বাভাবিক বন্যার কারণে কৃষি ভালো সূচনা করতে পারেনি, তবে শিল্প ও সেবাখাত টেকসই গতি দেখিয়ে চলেছে। বেসরকারি বিনিয়োগ সীমিত ছিল – ব্যবসা-প্রবিধান ও অপরাধ পরিধির কারণে, সেই সঙ্গে ছিল অবকাঠামোর নিম্নমান। প্রতিযোগিতামূলক সূচকে উন্নতি হয়েছে, তবে বাংলাদেশ দক্ষিণ ও পূর্ব এশিয়ায় এখনো প্রতিদ্বন্দ্বী দেশগুলোর চেয়ে বেশ পিছিয়ে রয়েছে।

বৃহদাকার অর্থনীতির দুর্বলতা বেড়েছে

সরবরাহ-ঘাটতি ও বিলম্বিত নীতি-প্রতিক্রিয়ার কারণে চালের মূল্য বৃদ্ধি হওয়ায় ২০১৮ অর্থবছরের প্রথমভাগে মুদ্রাস্ফীতি ৫.৮ শতাংশে উঠেছে। মুদ্রানীতি সুবিধাজনক অবস্থানে রয়েছে। ঝুঁকিপূর্ণ ব্যাংকিংয়ে বেসরকারি ঋণ আমানতের চেয়ে বেশি বেড়েছে, ফলে ব্যাংকের তারল্য-সংকট বেড়ে ক্রমাগত সুদ-হার বৃদ্ধি পেয়েছে; বাংলাদেশ ব্যাংক বৃহদাকার অর্থনীতির প্রবিধান কঠিনভাবে মেনে চলতে ইঙ্গিত দিয়েছে। বৈদেশিক মুদ্রা-বাজারে ক্রমাগত অতিরিক্ত চাহিদার কারণে ২০১৮ সালের জানুয়ারি থেকে মার্চের মধ্যে মুদ্রা-বিনিময় হার ৬.৫ শতাংশে নেমেছে, ফলে ২০১১ অর্থবছরের পরে এই প্রথম চলতি হিসাব ঘাটতি ব্যাপকভাবে বৃদ্ধির ফলে প্রদান-ভারসাম্যে কমতি ছিল। ডলার বিক্রি করে মুদ্রা-বিনিময় হার স্থিতিশীল করার চেষ্টায় বৈদেশিক মুদ্রার সঞ্চিতি কমেছে ১.৬ বিলিয়ন মার্কিন ডলার (আমদানির ৩.৭ শতাংশ) এবং এর ফলে ব্যাংক-তারল্য মোট চাহিদার ১.৮ শতাংশ কমেছে। উপরন্তু, অর্থবছরের প্রথমভাগে একটি সম্প্রসারণশীল বাজেটে রাজস্ব-ঘাটতি লক্ষ্যমাত্রার চেয়ে কম ছিল, কেননা দুর্বল রাজস্ব-ঘাটতি ঢাকা পড়েছে ততোধিক দুর্বল ব্যয়-বৃদ্ধির ফলে। স্থানীয়-ঋণ ব্যাংক থেকে অ-ব্যর্থিক খাতে (জাতীয় সঞ্চয়পত্র) বিরূপ-স্থানান্তর অব্যাহত ছিল।

অর্থনৈতিক স্থিতিশীলতা বজায় থাকার প্রত্যাশা

ক্রমাগত চাপ সত্ত্বেও ২০১৮-২০ অর্থবছরে প্রবৃদ্ধি আশা করা হচ্ছে ৬.৫ থেকে ৭ শতাংশ। রপ্তানি ও বেসরকারি বিনিয়োগ প্রবৃদ্ধির মূল চালিকাশক্তি হতে পারে। রপ্তানি-প্রবৃদ্ধি গতিশীল থাকার প্রত্যাশা করা হচ্ছে বৈশ্বিক অর্থনীতির ব্যাপকভাবে চক্রাকার ঘুরে দাঁড়ানোর মাধ্যমে – যা ত্বরান্বিত করেছে ব্যবসা ও বিনিয়োগের উর্ধ্বমুখী প্রবণতা। প্রবাসী-আয়ের ঘুরে দাঁড়ানো অব্যাহত থাকতে পারে জিসিসি দেশসমূহের তেলের উচ্চমূল্য-সুবিধা পাওয়া এবং ফর্মাল চ্যানেলে আসা প্রবাসী-আয়ের সুবিধা বৃদ্ধির কারণে। অবকাঠামো উন্নয়ন সভাবনা, দৃঢ় দেশজ ও বৈশ্বিক চাহিদার কারণে বিনিয়োগ এর সাম্প্রতিক ৮-৯ শতাংশ প্রবৃদ্ধি ধরে রাখতে পারে।

চ্যালেঞ্জিং বৃহদাকার অর্থনীতি

বৈশ্বিক পণ্য-মূল্য বৃদ্ধির কারণে মূল্যস্ফীতি বাড়বে বলে মনে করা হচ্ছে, সেই সঙ্গে থাকতে পারে সম্প্রসারণমূলক রাজস্বনীতি ও সম্ভাব্য সরবরাহ-ঘাটতি। প্রকৃত উৎপাদন সম্ভাব্যতা ছাড়িয়ে যাওয়ায় উৎপাদন-ফারাক ইতোমধ্যে ইতিবাচক। রপ্তানি ও প্রবাসী-আয় থেকে ক্রমাগত আয় বৃদ্ধির সঙ্গে সঙ্গে ইতোমধ্যে ক্ষয়িষ্ণু মুদ্রা-বিনিময় হার ও বৈশ্বিক পণ্যমূল্যের উর্ধ্বগতির প্রবণতা থেকে চাপ বাড়বে। তবু একটি আর্থিক-সংস্থান থাকা প্রয়োজন। খাদ্য ও শিল্প-কৌচামাল আমদানি বৃদ্ধি, সেই সঙ্গে তেলের মূল্য বৃদ্ধিতে প্রদেয় বাড়লে মধ্য-মেয়াদে চলতি হিসাবে ঘাটতি দেখা দিতে পারে। স্বল্প-মেয়াদে বড় অঙ্কের বৈদেশিক মুদ্রা সঞ্চিতির – যা ৭.৬ মাসের পণ্য-আমদানি ও অন্যান্য সেবার সমতুল্য – মাধ্যমে বাংলাদেশ ব্যাংক মুদ্রা-দুর্বলতা কমিয়ে দিতে পারে। নতুন মুসক আইন বাস্তবায়নে স্থগিতাদেশ, রোহিঙ্গা শরণার্থী সংকটে অতিরিক্ত খরচ, বর্ধিত ভর্তুকি এবং নির্বাচনের প্রভাবে রাজস্বের বিপুল ঘাটতি জিডিপি’র লক্ষ্যমাত্রা-ঘাটতি দ্রুত ছাড়িয়ে যেতে পারে।

বিনিয়োগ

বেসরকারি খাতে ২০১৬ অর্থবছরের ১০.৩ শতাংশ বিনিয়োগ-প্রবৃদ্ধির তুলনায় ২০১৭ অর্থবছরের ৮.১ শতাংশ প্রবৃদ্ধি সত্যিকার অর্থেই কম। এই ধারাবাহিকতায় জিডিপিতে বেসরকারি অংশীদারিত্ব ২৩ শতাংশ প্রায় স্থির ছিল, ২০১৬ অর্থবছরের ২৩.১ শতাংশের তুলনায়। অন্যদিকে সরকারি বিনিয়োগ ২০১৭ অর্থবছরে লাফিয়ে বেড়েছে ১৭.৩ শতাংশ - ২০১৬ অর্থবছরে যা ছিল মাত্র ৪.৫ শতাংশ - যা জিডিপি ৭.৪ শতাংশ পৌঁছাতে গুরুত্বপূর্ণ ০.৭ শতাংশ পয়েন্ট অবদান রেখেছে। ২০১৮ অর্থবছরের প্রথমার্ধে মূলধনী পণ্য আমদানি বেড়েছে ১৯.৪ শতাংশ, গত বছর একই সময়ে যা ছিল ২৩.৭ শতাংশ বৃদ্ধি। যাহোক, মূলধনী যন্ত্রপাতি আমদানি ২০১৮ অর্থবছরের প্রথমার্ধে বেড়েছে ৩২.৫ শতাংশ, ২০১৬ অর্থবছরের একই সময়ে যা ছিল ২৩.৬ শতাংশ বৃদ্ধি। সরকারি বিশাল প্রকল্প - যেমন, পদ্মা সেতু, ঢাকা মেট্রোরেল যোগাযোগ ও বিশেষ অর্থনৈতিক অঞ্চলের কারণে এই উর্ধ্বগতি।

রপ্তানি

২০১৮ অর্থবছরে রপ্তানি ঘুরে দাঁড়িয়েছে। ২০১৮ অর্থবছরের জুলাই-ফেব্রুয়ারিতে মোট রপ্তানি-আয় বেড়েছে ৭.৪ শতাংশ, ২০১৭ অর্থবছরের একই সময়ে যা ছিল ৩.২ শতাংশ বৃদ্ধি (চিত্র-১)। যাহোক, রপ্তানি-প্রবৃদ্ধি ২০১৮ অর্থবছরের ৮.২ শতাংশ বৃদ্ধির লক্ষ্যমাত্রার চেয়ে কম। লক্ষ্যমাত্রা ছুঁতে ২০১৭'র একই সময়ের মতো মার্চ-জুন ২০১৮ সময়কালে রপ্তানি-প্রবৃদ্ধি হতে হবে ১৪.৯ শতাংশ। এই অর্থবছরে এখন পর্যন্ত রপ্তানি-প্রবৃদ্ধির চালিকাশক্তি হলো তৈরী পোষাক (আরএমজি), যা ২০১৮ অর্থবছরের জুলাই-ফেব্রুয়ারিতে ছিল ৮.৭ শতাংশ, যেখানে নিট-পণ্য রপ্তানির অবদান ছিল ১১.৬ শতাংশ। প্রবৃদ্ধি পরিমাণের মাধ্যমে বেগবান হয়েছে বলে প্রাথমিকভাবে মনে করা হচ্ছে। তৈরী পোষাকের বাইরে থেকে আসা রপ্তানি-আয় গতি ধরে রাখতে ব্যর্থ হয়েছে।

আইসিটি শিল্পের সর্ধক্ষণ বিবরণ

“ডিজিটাল বাংলাদেশ” বাংলাদেশ সরকারের ভিশন ২০২১-এর একটি অবিচ্ছেদ্য অংশ - যা স্বাধীনতার সুবর্ণ জয়ন্তীতে একটি সমৃদ্ধ মধ্যআয়ের দেশে উন্নীত করতে প্রতিশ্রুতিবদ্ধ। সরকার চারটি বিষয়কে প্রাধান্য দিয়ে ডিজিটাল বাংলাদেশ-এর রূপরেখা প্রণয়ন করেছে: ১) ডিজিটাল যুগের জন্য মানবসম্পদ সৃষ্টি; ২) সবচেয়ে কার্যকর উপায়ে নাগরিকদের মধ্যে সংযোগ স্থাপন; ৩) নাগরিকদের দ্বারা প্রাপ্ত পরিষেবাসমূহ পৌঁছানো; ৪) ডিজিটাল প্রযুক্তির মাধ্যমে বেসরকারি খাত ও বাজারকে আরও উৎপাদনমুখী ও প্রতিযোগিতামূলক করে তোলা। যেকোনো ডিজিটাল উদ্যোগের মেরুদণ্ড হচ্ছে আইসিটি, এবং তথ্যপ্রযুক্তি, যোগাযোগ প্রযুক্তি ও টেলিযোগাযোগ প্রযুক্তির বড় পরিসর এর আওতাধীন। বাংলাদেশ সফলভাবে এর ক্রমবর্ধমান প্রবেশের অভিযোজন ঘটিয়েছে এবং ২০১৮ সালে আইসিটি পণ্য ও সেবা রপ্তানি করে ৮০০ মিলিয়ন মার্কিন ডলার আয় করেছে। এসব কিছু ছাপিয়ে গেছে বাংলাদেশে ইন্টারনেট ব্যবহারকারীর সংখ্যা - যা ২০১৮ সালের ডিসেম্বরে ৮০.৪৮৩ মিলিয়নে পৌঁছেছে এবং এই ধারাবাহিকতায় বর্তমান সরকার ও আইসিটি খাতের নেওয়া সাম্প্রতিক প্রগতিশীল পদক্ষেপগুলো আশীর্বাদ হয়ে দেখা দিতে পারে। আইসিটি হলো অন্যতম খাত - যেখানে সরকারি ও বেসরকারি উদ্যোগের বেশ মসৃণ ও বলিষ্ঠ সমন্বয় রক্ষা করেছে - যা টেকসই ইকোসিস্টেম গঠনে নেতৃত্ব দিয়েছে।

সরকারি ও বেসরকারি খাতে বিস্তৃত ডিজিটালাইজেশন ও নীতি-সমর্থনের কারণে ইন্টারনেট সংযোগ, মোবাইল ফোন ব্যবহার, প্রযুক্তি রপ্তানি-আয়, আইসিটি শিক্ষার ব্যবহার ও পরিষেবাসমূহের আত্মীকরণ ব্যাপকভাবে বৃদ্ধি পেয়েছে।

কর্মসংস্থান সৃষ্টি

সরকারের আইসিটি প্রশিক্ষণ আউটসোর্সিংয়ের মাধ্যমে তরুণদের কর্মসংস্থানে নতুন দিগন্তের সূচনা করেছে। অক্সফোর্ড বিশ্ববিদ্যালয়ের একটি সমীক্ষা অনুযায়ী, বর্তমানে সারাবিশ্বের অনলাইন আউটসোর্সিং-কর্মীদের প্রায় ১৬.৮ শতাংশ বাংলাদেশের - যা বিশ্বে দ্বিতীয় বৃহত্তম, ২৪.৬ শতাংশ কর্মী নিয়ে ভারত রয়েছে প্রথম স্থানে। সরকার পেশাগত আউটসোর্সিং প্রশিক্ষণ কর্মসূচিতে ১৩,০০০ হাজার কর্মহীনকে তিনটি প্রধান আইসিটি ক্ষেত্রে - গ্রাফিক ডিজাইন, ওয়েব ডিজাইন ও ডেভেলপমেন্ট এবং ডিজিটাল মার্কেটিং - প্রশিক্ষণ প্রদানের লক্ষ্যমাত্রা স্থির করেছে। এর মধ্যে ১১,২৯০ জন ইতোমধ্যে তাঁদের প্রশিক্ষণ শেষ করেছেন। বাংলাদেশে বিজনেস প্রসেস আউটসোর্সিং (বিপিও) শিল্প দারুণ গতিতে এগিয়ে চলেছে। বিপিও শিল্পের রপ্তানি-রাজস্ব দ্রুত বেড়েছে। বর্তমানে এই শিল্পে ৪০,০০০-এরও বেশি শিক্ষিত বাংলাদেশি কর্মরত রয়েছেন।

সার্বজনীন অধিগমন

১০ বছর আগে মাত্র ২০ মিলিয়ন বাংলাদেশি মোবাইলফোন ব্যবহার করতেন। এই সংখ্যা এপ্রিল ২০১৮ পর্যন্ত ১৫০ মিলিয়নেরও বেশি হয়েছে। বাংলাদেশে এপ্রিল ২০১৮ পর্যন্ত ইন্টারনেট ব্যবহারকারীর সংখ্যা দাঁড়িয়েছে ৮৬ মিলিয়নে, যেখানে টেলিফোনত্ব ও ইন্টারনেট-ঘনত্ব যথাক্রমে ৯১ শতাংশ ও ৫০ শতাংশ। জিএসএম অ্যাসোসিয়েশনের মতে, ইন্টারনেট ব্যবহারের দিক থেকে সারাবিশ্বে ২০২০ সালের মধ্যে বাংলাদেশের দশম বৃহত্তম দেশ হওয়ার সম্ভাবনা রয়েছে। প্রায় সব ধরনের পরিষেবা - শিক্ষা, স্বাস্থ্য-পুষ্টি, কৃষি, জন্ম-নিবন্ধন, সামাজিক নিরাপত্তা কর্মসূচির অধীনে ভাতা প্রদান - এখন সহজেই জনগণের দ্বারা প্রাপ্য পৌঁছানো যাচ্ছে ইউনিয়নসমূহের ইউনিয়ন তথ্যকেন্দ্র, ডিসি অফিসের ই-সেবাকেন্দ্র, ১৪৭টি উপজেলা ও গ্রাম্য ডাকঘরের ই-কেন্দ্র এবং ২৫৪টি কৃষি তথ্যকেন্দ্রের মাধ্যমে।

দেশের ১৮,৪৩৪টি সরকারি দপ্তর - যেখানে রয়েছে ৫৮টি মন্ত্রণালয় বা বিভাগ, ২৪০টি সরকারি বিভাগ ও ডিসি অফিস - এখন একটি সমন্বিত নেটওয়ার্ক সংযুক্ত। সরাসরি যোগাযোগ, তথ্য ও বার্তা পাঠানো এবং সম্মেলন করার জন্য ৮৮৩টি ভিডিও সম্মেলন ব্যবস্থা স্থাপন করা হয়েছে।

ডিজিটাল বাংলাদেশ-এর অংশ হিসেবে সরকার কার্যক্রমে বৃহত্তর স্বচ্ছতা আনার চেষ্টা করছে সরকারি দপ্তরে ই-ফাইলিং, সরকারি ক্রয়-ব্যবস্থায় ই-জিপি চালু করার মাধ্যমে।

বৃহদায়তন তথ্যপ্রযুক্তি অবকাঠামো

সরকার ইতোমধ্যে ১২টি আইটি পার্ক স্থাপনের পরিকল্পনা করেছে গোপালগঞ্জ, মংগলমসিংহ, জামালপুর, রংপুর ও বরিশাল জেলা সদরে, ঢাকার কেরানীগঞ্জে, কুমিল্লা সদরে (দক্ষিণ), চট্টগ্রাম বন্দরে, কক্সবাজারের রামুতে, নাটোরের সিংড়ায়ে, সিলেটের কোম্পানীগঞ্জে এবং খুলনার কুয়েট ক্যাম্পাসে। দেশজুড়ে প্রায় ৮,০০০ কি.মি. অপটিক্যাল ফাইবার কেবল স্থাপন করা হয়েছে। কুয়াকাটায় দ্বিতীয় সার্বমেরিন কেবল স্থাপন করা হয়েছে যার মাধ্যমে বাংলাদেশ ১,৫০০জিবি/সে.ব্যান্ডউইডথ পাবে। মোবাইল ব্যাংকিং উদ্যোগ ব্যাপকভাবে সফল হয়েছে। ২০১৮ সালের মে মাসের শেষে মোবাইল ব্যাংকিংয়ের মাধ্যমে প্রতিদিন গড় লেনদানের পরিমাণ ছিল ১,০৫৮ কোটি টাকারও বেশি। বাংলাদেশের সর্বশেষ অর্জন হলো ১১ মে, ২০১৮ তারিখে প্রথম উপগ্রহ সফল উৎক্ষেপণের মহাকাশ যুগে প্রবেশ করা - যা তথ্যপ্রযুক্তির ব্যবহারে বাংলাদেশকে নতুন উচ্চতায় পৌঁছে দিয়েছে। একটি যোগাযোগ উপগ্রহ - “বঙ্গবন্ধু স্যাটেলাইট-১” - ১১ মে ফ্লোরিডার কেনেডি স্পেসইন্স সেন্টার থেকে কক্ষপথে প্রেরণ করা হয়েছে। উপগ্রহটির পরিধি বাংলাদেশজুড়ে ও বঙ্গোপসাগরের আঞ্চলিক অধিকৃত স্থানে বিস্তৃত হয়েছে এবং এটি ভারত, নেপাল, ভুটান, শ্রীলঙ্কা, ফিলিপিন্স, ইন্দোনেশিয়া ও মধ্য-এশিয়ার কিছু অংশে পৌঁছাতে সক্ষম।

বাংলাদেশের আইটি দৃশ্যপটের প্রথমদিকে 'আমরা'

২০১৮-১৯ অর্থবছরে বাংলাদেশের আইটি খ্রেফপটের সম্মুখ অবস্থানে রয়েছে 'আমরা'। আমরা গত অর্থবছরের বেশিরভাগ ব্যবসা ধরে রেখেছি এবং এ-বছর বেশ কয়েকটি কৃতিত্ব অর্জন করতে সক্ষম হয়েছি। প্রথমেই বলা যায়, আমরা যশোরে শেখ হাসিনা সফটওয়্যার টেকনোলজি পার্কে আমাদের দাপ্তরিক কার্যক্রম শুরু করেছি। এটি ঢাকার বাইরে আমাদের সর্ববৃহৎ সংস্থাপন। যশোরে উপস্থিতি ইতোমধ্যে আমাদের তালিকায় নতুন গ্রাহক যুক্ত করেছে। এই উদ্যোগ আমাদের আইআইজি (ইন্টারন্যাশনাল ইন্টারনেট গেটওয়ে) ব্যান্ডউইডথ-এর মান বৃদ্ধি ও নিশ্চিত করেছে। দৃঢ় আর্থিক উপস্থিতি আমাদের জন্য বিশেষ সুবিধাজনক, শুধুমাত্র সেই বিশেষ অঞ্চলেই নয়, বরং সারাদেশে। স্থানীয় তরুণদের উন্নয়নে অবদান রাখা এবং স্থানীয় স্নাতকদের জন্য কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করতে পেরে আমরা গর্বিত।

এ-বছর পয়েন্ট অফ সেলস (পিওএস) ব্যবসাতেও আমরা উল্লেখযোগ্য অগ্রগতি অর্জন করেছি। পেমেন্ট সলিউশন শিল্প কয়েক বছর ধরে বহুগুণে বাড়ছে এবং আমরা বাজার-প্রাধান্য ধরে রাখতে সক্ষম হয়েছি। বাজারের ৬৫ শতাংশ অংশীদারিত্ব নিয়ে এই শিল্পে আমরা এখন শীর্ষে। পাশাপাশি, আমরা এমক্যাশ ও ঢাকা পাওয়ার ডিসট্রিবিউশন কোম্পানি (ডিপিডিসি)'র সঙ্গে যৌথ উদ্যোগে "সিকিউরড ইউটিলিটি পেমেন্ট সলিউশন" চালু করেছি। আমাদের এই সেবার মাধ্যমে ডিপিডিসি'র লাখে গ্রাহক তাঁদের প্রিপেইড কার্ড রিচার্জ করতে সক্ষম হবেন এবং কর্মঘণ্টার বাইরেও লেনদেনের সুবিধা উপভোগ করবেন। এটি বাংলাদেশে এ-ধরনের প্রথম ব্যবসা এবং যেকোনো বকেয়া, যেমন - বিদ্যুৎ, গ্যাস, পানি প্রভৃতির বিল প্রদানও এর মাধ্যমে সম্ভব।

আইআইজি ব্যবসায় আমরা আগের গ্রাহকদের ধরে রেখেছি ও সামনে এগিয়েছি। আমাদের টেলিযোগাযোগ কোম্পানি অংশীদারেরা ফোরজি সেবা চালু করায় তাঁদের কাছে আমাদের বিক্রয় বেড়েছে - ফলে রাজস্ব বৃদ্ধি হয়েছে।

উপরোল্লিখিত উল্লেখযোগ্য ব্যবসার পাশাপাশি আমরা সিস্টেম ইন্টিগ্রেশন, পেমেন্ট সলিউশন ডেভেলপমেন্ট, ইনফরমেশন সিস্টেম আউটসোর্সিং, কোর্ ব্যার্কিং সফটওয়্যার, সুইচিং ও নেটওয়ার্কিং সলিউশন, সরবরাহ ও কার্য-বাস্তবায়ন প্রভৃতি বিস্তৃত সেবা ধরে রেখেছি এবং এগুলোর পরিধি বাড়িয়েছি। আমরা বিশ্বের সেরা প্রযুক্তি-সেবা প্রদানকারীদের প্রতিনিধিত্ব করছি, যেমন - ওরাকল, ভেরিফোন, সিস্কো, থ্যালাস, রোসেনবার্জার, এনবিএস, ইনফোসিস্, টাটা, মাইক্রোসফট ও নিয়ারেক্স।

আমরা'র বিভিন্ন সেবা ও টেকসই ও টেকসই প্রবৃদ্ধি

এটিএল এ-বছর উল্লেখযোগ্য সাফল্য অর্জন করেছে বাংলাদেশে প্রথমবারের মতো বেশ কয়েকটি সেবা প্রদানের মাধ্যমে। আমরা যশোরের শেখ হাসিনা সফটওয়্যার টেকনোলজি পার্কে একটি বিশ্বমানের "সিকিউরিটি অপারেশন সেন্টার (এসওসি)" স্থাপনের উদ্যোগ নিয়েছি। আমরা সাইবার নিরাপত্তায় বিশ্বের শীর্ষস্থানীয় প্রতিষ্ঠান প্রাইসওয়াটারহাউসকুপার্স (পিডব্লিউসি)-এর অংশীদার হয়েছি। সিকিউরিটি অপারেশন সেন্টার বাংলাদেশের ব্যাংক, আর্থিক প্রতিষ্ঠান, সরকারি সংস্থা ও বেসরকারি কোম্পানির সাইবার হুমকি শনাক্তকরণ ও সাইবার নিরাপত্তা নিশ্চিত করতে বিশেষ ভূমিকা রাখবে। বিশ্বজুড়ে পিডব্লিউসি'র অভিজ্ঞতা, সেই সঙ্গে 'আমরা'র বাজারপ্রসার ও খ্যাতি - সব মিলিয়ে 'আমরা এসওসি' এ-দেশের সাইবার নিরাপত্তায় মাইলফলক হয়ে থাকবে বলে আমাদের বিশ্বাস।

বছরজুড়ে আমরা পিওএস ব্যবসায় গুরুত্বপূর্ণ অগ্রগতি সাধন করেছি। বাংলাদেশের নগদ-লেনদেন শিল্প ধীরে ধীরে কাগজবিহীন পরিবেশের দিকে যাচ্ছে এবং মট্রোপলিটান শহর ও শহরতলিতে সুপার শপের বিস্তারের কারণে ইলেকট্রনিক লেনদেন বেড়েছে বাস্তবিক অর্থেই। এর ফলে আমাদের পিওএস ব্যবসায় ইতিবাচক প্রভাব পড়েছে এবং আমরা বিশ্বাস করি পিওএস ব্যবসা আগামী অর্থবছরে সম্ভবত আরও বাড়বে।

নগদ-লেনদেন শিল্পে ২০১৮ সালে আমাদের অন্যতম উদ্ভাবনী পণ্য হচ্ছে ঢাকা পাওয়ার ডিসট্রিবিউশন লিমিটেড (ডিপিডিসি)'র জন্য করা "ইউটিলিটি পেমেন্ট সলিউশন" - যা মার্কেটাইল ব্যাংক লিমিটেডের এমক্যাশ-এর সঙ্গে যৌথ উদ্যোগে চালু করা হয়েছে। ডিপিডিসি'র গ্রাহকরা এখন কর্মঘণ্টার পরেও তাঁদের প্রিপেইড মিটার রিচার্জ করতে পারছেন এমক্যাশ এজেন্ট পয়েন্ট থেকে; এটি 'আমরা'র উদ্ভাবনীর চিন্তার ফসল। আমরা বিশ্বাস করি এই প্রযুক্তি ইউটিলিটি বিল প্রদান-প্রক্রিয়ায় বিপ্লব ঘটাবে এবং আগামী বছর আমরা অন্যান্য ইউটিলিটি সেবাদাতাদের সঙ্গে অংশীদারীত্বে যেতে পারবো।

আমাদের ইন্টারন্যাশনাল ইন্টারনেট গেটওয়ে (আইআইজি) ব্যবসায় ২০১৭-১৮ অর্থবছরে ইতিবাচক প্রবৃদ্ধি হয়েছে। মোবাইল ইন্টারনেট ব্যবহারকারীর সংখ্যা গত কয়েক বছর ধরেই বাড়ছে এবং ২০১৮ সালও এর ব্যতিক্রম ছিল না। সেই সঙ্গে এ-বছরের শুরুতে বাংলাদেশে ফোরজি ইন্টারনেট চালু হওয়ায় আমাদের টেলিযোগাযোগ অংশীদারদের - গ্রামীণফোন, রবি, ও বাংলালিংক - আইআইজি ব্যান্ডউইডথ চাহিদা বেড়েছে। এ-বছর বাংলাদেশে ফোরজি'র অভিযোজন ছিল তাৎপর্যপূর্ণ এবং আমাদের টেলিযোগাযোগ অংশীদারেরা তাঁদের ফোরজি কার্যক্রম বাড়িয়েছে; ফলে টেলিযোগাযোগ কোম্পানির পাশাপাশি 'আমরা'ও প্রবৃদ্ধি অর্জন করবে।

বিভাগভিত্তিক বা পণ্যভিত্তিক কার্যক্রম

বিবরণ	করযোগ্য ২০১৮	অ-করযোগ্য ২০১৮	২০১৮	২০১৭
মোট লাভ	১২৭.৯০	৮৮.৫৬	২১৬.৪৬	১৯৭.৭২
পরিচালন খরচ	৬০.৮২	২১.৩৬	৮২.১৮	৮৬.৮২
অ-পরিচালন আয়	৭.৪৩	-	৭.৪৩	০.০৫
আর্থিক ব্যয়	৩০.৮৯	১০.৮৫	৪১.৭৪	২০.৪৪
কর-পূর্ব লাভ	৪৩.৬৩	৫৬.৩৩	৯৯.৯৬	৯০.৫০
কর-পরবর্তী লাভ	৩২.৭২	৫৬.৩৩	৮৯.০৫	৮৩.৯৫

আর্থিকচিত্র

বিবরণ	২০১৮	২০১৭
নেট রাজস্ব	১,১৪২.৯৯	১১৭১.৪৪
পণ্য বিক্রয় ও সেবা-মূল্য	৯২৬.৫৩	৯৭২.৯৮
মোট লাভ	২১৬.৪৬	১৯৮.৪৬
পরিচালন লাভ	১৩৪.২৭	১১১.৫৩
কর-পূর্ব লাভ	৯৯.৯৬	৯০.৯০
কর-পরবর্তী লাভ	৮৯.০৫	৮৪.৩৪

গত বছরের তুলনায় পণ্য বিক্রির খরচ কমেছে, ফলে মোট লাভের পরিমাণ এ-বছর বেড়ে হয়েছে ১৮.৯৪ শতাংশ, গত বছর যা ছিল ১৬.৯৪ শতাংশ। এ-বছর নেট লাভের পরিমাণ বেড়েছে ৭.২০ শতাংশ থেকে ৭.৭৯ শতাংশ।

চলমান বিষয়াবলি

কোম্পানির আর্থিক প্রতিবেদন তৈরী করা হয়েছে চলমান বিষয়সমূহের প্রতি দৃষ্টি রেখে – যা স্বাভাবিক প্রক্রিয়ায় ব্যবসার সম্পত্তি ও দায়ের অবস্থা প্রতিফলিত করে। এটিএল-এর পরিচালনা পর্ষদ বার্ষিক প্রতিবেদন তৈরী করেছেন সম্ভাব্য অনিশ্চয়তা, সন্দেহ – যা কোম্পানির পথচলাকে প্রভাবিত করতে পারে এবং সেই সঙ্গে বাজেট পর্যালোচনা করে। পরিচালকেরা মনে করেন যে – চলমান পরিস্থিতি চিন্তা করে ও বিভিন্ন ধরণের ইঙ্গিতের উপর নির্ভর করে আর্থিক প্রতিবেদন প্রস্তুত করাটা যথাযথ।

বিশেষ লাভ বা ক্ষতি

২০১৮ সালে কোনো বিশেষ লাভ ক্ষতি ছিল না।

পক্ষ-সংশ্লিষ্ট লেনদেন

পক্ষ-সংশ্লিষ্ট লেনদেন দেখানো হয়েছে নিরীক্ষিত আর্থিক প্রতিবেদনের পৃষ্ঠা নম্বর ৮১

ত্রৈমাসিক ও বার্ষিক আর্থিক প্রতিবেদনের পার্থক্য

২০১৮ সালের ত্রৈমাসিক ও বার্ষিক আর্থিক প্রতিবেদনের মধ্যে বড় ধরনের কোনো পার্থক্য নেই।

পরিচালকবৃন্দের পারিশ্রমিক

স্বতন্ত্র পরিচালকসহ কোনো পরিচালককে পারিশ্রমিক প্রদান করা হয়নি। ব্যবস্থাপনা পরিচালক এক্ষেত্রে ব্যতিক্রম।

করপোর্টে ও আর্থিক প্রতিবেদন কাঠামো

- এটিএল ব্যবস্থাপনা কর্তৃপক্ষের প্রস্তুত করা আর্থিক প্রতিবেদনে এর সামগ্রিক বিষয়, পরিচালন-ফলাফল, নগদ অর্থ-প্রবাহ ও ভারসাম্যের পরিবর্তন প্রভৃতি দেখানো হয়েছে।
- ইস্যুকারী কোম্পানির হিসাব সঠিকভাবে দেখানো হয়েছে।
- আর্থিক প্রতিবেদনে তৈরীতে হিসাবরক্ষণের নীতি ধারাবাহিকভাবে প্রয়োগ করা হয়েছে এবং এই হিসাবের প্রাক্কলন যুক্তিসঙ্গত ও বিচক্ষণতার সঙ্গে করা হয়েছে।
- বার্ষিক আর্থিক প্রতিবেদন তৈরীতে আন্তর্জাতিক হিসাবরক্ষণ মান (আইএএস)/বাংলাদেশ হিসাবরক্ষণ মান (বিএএস)/ আন্তর্জাতিক আর্থিক প্রতিবেদন মান (আইএফআরআস)/ বাংলাদেশ আর্থিক প্রতিবেদন মান – যা বাংলাদেশে প্রযোজ্য – প্রয়োগ করা হয়েছে এবং এর বাইরে কোন কিছু থেকে থাকলে তা প্রকাশ করা হয়েছে।
- অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ স্বচ্ছ এবং তা কার্যকরভাবে বাস্তবায়িত ও নিরীক্ষিত হয়েছে।
- ইস্যুকারী কোম্পানির দক্ষতা নিয়ে কোনো সন্দেহ নেই।
- গত বছরের তুলনায় কোম্পানির পরিচালন-ফলাফলে কোনো বড় ধরণের বিচ্যুতি ঘটেনি।

পরিচালকবৃন্দের দায়িত্বের বিবরণ

আর্থিক বিবরণী:

আমরা টেকনোলজিস লিমিটেড-এর পরিচালনা পর্ষদ এই মর্মে জানাতে চায় যে – নিরীক্ষিত হিসাব, যেখানে রয়েছে ৩০ জুন, ২০১৮ তারিখে সমাপ্ত বছরের আর্থিক প্রতিবেদন, সেটি ১৯৯৪ সালের কোম্পানি আইন, আন্তর্জাতিক হিসাবরক্ষণ মান (আইএএস) ও আন্তর্জাতিক আর্থিক প্রতিবেদন মান (আইএফআরআস) – যা আইসিএবি কর্তৃক গৃহীত, সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ আইন-১৯৮৭ এবং ঢাকা ও চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ-এর লিস্টিং রেগুলেশন-এর সঙ্গে সঙ্গতিপূর্ণ এবং তাঁরা বিশ্বাস করেন যে, এই আর্থিক প্রতিবেদন লেনদেনের স্বচ্ছতা – যা সংশ্লিষ্ট বছরে করা হয়েছে, কোম্পানির বর্তমান আর্থিক অবস্থা ও পরিচালন-ফলাফলকে প্রতিফলিত করে।

এই আর্থিক প্রতিবেদন নিরীক্ষিত হয়েছে অনুমোদিত নিরীক্ষক 'জি কিবরিয়া অ্যান্ড কোং চার্টার্ড অ্যাকাউন্টেন্টস্, ঢাকা'-এর মাধ্যমে।

কোম্পানি আইন ১৯৯৪-এর ১৮৫ ধারা অনুযায়ী এবং ব্যবস্থাপনা কর্তৃপক্ষের প্রদত্ত তথ্য অনুযায়ী, পরিচালক পর্ষদ জানাচ্ছে যে:

- হিসাব বিবরণী তৈরীতে প্রযোজ্য হিসাবরক্ষণ মান অনুসরণ করা হয়েছে;
- তাঁরা সে-সকল হিসাবরক্ষণ নীতি নির্বাচন ও যথাযথভাবে অনুসরণ করেছেন যা প্রাক্কলন করে যুক্তিযুক্ত ও বিচক্ষণভাবে এবং যার মাধ্যমে ৩০ জুন, ২০১৮ তারিখে কোম্পানির বিষয়সমূহ ও মুনাফার সত্য ও স্বচ্ছ তথ্য পাওয়া যায়।
- তাঁরা হিসাবরক্ষণের নথি যথাযথভাবে সংরক্ষণের জন্য উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করেছেন, সেই সঙ্গে কোম্পানি আইন ১৯৯৪ অনুযায়ী কোম্পানির সম্পত্তি রক্ষার জন্য সঞ্চিত রেখেছেন এবং জালিয়াতি ও অন্যান্য অনিয়ম শনাক্ত ও প্রতিরোধের ব্যবস্থা রেখেছেন; এবং
- তাঁরা বার্ষিক হিসাব প্রস্তুত করেছেন বাস্তবতার নিরিখে।

অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থা

কোম্পানি অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থা গঠনের জন্য যথাযথ পদক্ষেপ নিয়েছে – যা নিয়মিত পর্যালোচনা, মূল্যায়ন ও হালনাগাদ করা হয়। কোম্পানির অভ্যন্তরীণ নিরীক্ষা বিভাগ মেয়াদি নিরীক্ষা পরিচালনা করে থাকে, যাতে নিশ্চিত করা যায় যে – কোম্পানির নীতি ও কার্য-প্রক্রিয়া ধারাবাহিকভাবে অনুসৃত হয়েছে।

বহিঃ নিরীক্ষকের মতামত

কোম্পানির অভ্যন্তরীণ নিরীক্ষা বিভাগকে পর্যালোচনা করার জন্য বহিঃনিরীক্ষক জি কিবরিয়া অ্যান্ড কোং চার্টার্ড অ্যাকাউন্টেন্টস্ বার্ষিক নিরীক্ষা পরিচালনা করেছে, এবং তাঁরা আর্থিক বিবরণী যথাযথ বলে মতামত দিয়েছেন। এছাড়া তাঁরা ব্যবস্থাপনা কর্তৃপক্ষের সঙ্গে বসে সকল আর্থিক বিবরণী, সংশ্লিষ্ট তথ্য, অংশীদারদের সঙ্গে বৈঠক ও বোর্ড সভার তথ্য, সংশ্লিষ্ট নীতির তথ্য পরীক্ষা করেছেন এবং তাঁদের মতামত দিয়েছেন।

পাঁচ বছরের আর্থিক বিবরণ

এটি বার্ষিক আর্থিক প্রতিবেদনের পৃষ্ঠা নম্বর ১৮ এ সংযুক্ত করা হয়েছে।

লভ্যাংশ

এটিএল-এর পরিচালনা পর্ষদ কোম্পানির আর্থিক বিবরণী বিবেচনা করে ২০১৮ সালের মুনাফা থেকে আসন্ন বার্ষিক সাধারণ সভায় শেয়ারহোল্ডারবৃন্দের অনুমোদন সাপেক্ষে অংশীদারগণকে ১০% নগদ লভ্যাংশ প্রদানের সুপারিশ করেছেন।

পর্ষদ সভা ও পরিচালকবৃন্দের উপস্থিতি

পরিচালনা পর্ষদের সভায় পরিচালকবৃন্দের উপস্থিতি নিচে দেওয়া হলো:

ক্রমিক নং	নাম	সভা নম্বর	উপস্থিতি সংখ্যা
১	সৈয়দ ফারুক আহমেদ	১২	১২
২	সৈয়দ ফারহাদ আহমেদ	১২	১২
৩	সৈয়দা মুনিয়া আহমেদ	১২	১১
৪	ফাহিমদা আহমেদ	১২	১০
৫	কে.এম. হাসান, এফসিএ	১২	০৪

অংশীদারিত্বের পরিমাণ: ৩০ জুন ২০১৮ তারিখে

ক্রমিক নং	নাম	অবস্থান	শেয়ারের পরিমাণ	%
১	সৈয়দ ফারুক আহমেদ	পরিচালক ও পৃষ্ঠপোষক	৫,৬৬৫,১৯২	১০.২৩%
২	সৈয়দ ফারহাদ আহমেদ	পরিচালক ও পৃষ্ঠপোষক	৫,৬৬৫,১৯১	১০.২৩%
৩	আমিনা আহমেদ চৌধুরী	পৃষ্ঠপোষক	৩,০৬৭,৬৫৮	৫.৫৪%
৪	সৈয়দা মুনিয়া আহমেদ	পরিচালক	১,১০৯,০২১	২.০০%
৫	ফাহিমদা আহমেদ	পরিচালক	১,১০৯,০২১	২.০০%
৬	কে. এম. হাসান	স্বতন্ত্র পরিচালক	-	-
৭	প্রতিষ্ঠান		১৭,৮১৫,৫১০	৩২.১৮%
৮	গণঅংশীদার		২০,৯৩৭,৮০২	৩৭.৮২%
৯	প্রধান অর্থ কর্মকর্তা, কোম্পানি সচিব ও অভ্যন্তরীণ নিরীক্ষা প্রধান		শূন্য	শূন্য
১০	নির্বাহী		শূন্য	শূন্য
১১	নির্বাহী এর স্ত্রী ও অপ্রাপ্ত বয়স্ক সন্তান			
	মোট		৫৫,৩৬৯,৩৯৫	১০০.০০%

অংশীদারবৃন্দের বিবরণ যাঁদের শেয়ারের পরিমাণ ১০% বা এর বেশি

১	সৈয়দ ফারুক আহমেদ	পরিচালক ও পৃষ্ঠপোষক	৫,৬৬৫,১৯২	১০.২৩%
২	সৈয়দ ফারহাদ আহমেদ	পরিচালক ও পৃষ্ঠপোষক	৫,৬৬৫,১৯১	১০.২৩%

পরিচালক নিয়োগ ও পুনর্নিয়োগ

আর্টিফেলস অফ অ্যাসোসিয়েশন অনুযায়ী কোম্পানির এক-তৃতীয়াংশ সংখ্যক পরিচালক প্রতিবছর পর্যায়ক্রমে অবসর গ্রহণ করবেন। এমতাবস্থায় সৈয়দা মুনিয়া আহমেদ ও ফাহিমদা আহমেদ পর্ষদ থেকে অবসর নিয়েছেন এবং পরিচালক হিসেবে পুনর্নিয়োগের যোগ্য বিধায় পরিচালনা পর্ষদ তাদেরকে পরিচালক হিসেবে পুনঃনিয়োগের জন্য সুপারিশ করেছেন।

তাঁদের সংক্ষিপ্ত পরিচিতি বার্ষিক বিবরণীর পৃষ্ঠা নম্বর ১৪ থেকে ১৫ তে দেওয়া হয়েছে।

নিরীক্ষক নিয়োগ

জি কিবরিয়া অ্যান্ড কোং চার্টার্ড অ্যাকাউন্টেন্টস্কে ২০১৭-১৮ সালে নিরীক্ষক হিসাবে দ্বিতীয়বারের মতো নিয়োগ দেওয়া হয়েছিলো। তাঁরা আরো এক মেয়াদের জন্য পুনর্নিয়োগযোগ্য। তাঁরা ২০১৮-১৯ সালের জন্য পুনর্নিয়োগপ্রাপ্ত হওয়ার আশ্রয় প্রকাশ করেছেন। পরিচালনা পর্ষদ চূড়ান্তভাবে 'জি কিবরিয়া অ্যান্ড কোং চার্টার্ড অ্যাকাউন্টেন্টস্', সাধারণ বীমা সদন (৫ম তলা), ২৪-২৫ দিলকুশা বা/এ, ঢাকা-১০০০, বাংলাদেশ-কে ২০১৮-১৯ সালের জন্য নিরীক্ষক হিসাবে নিয়োগের সুপারিশ করেছেন এবং পারিশ্রমিক বাবদ ১,৭০,০০০/- (এক লক্ষ সত্তর হাজার টাকা মাত্র) আগামী এপ্রিল-এ শেয়ারহোল্ডারবৃন্দের অনুমোদন সাপেক্ষে নির্ধারণের সুপারিশ করেছেন।

স্বতন্ত্র পরিচালক নিয়োগ

কে এম হাসান এফসিএ স্বতন্ত্র পরিচালক হিসেবে তার দুটি মেয়াদ সম্পূর্ণ করেছেন। পরবর্তী ৩ বছর মেয়াদের জন্য একজন নতুন স্বতন্ত্র পরিচালক নিয়োগ করতে হবে। মোঃ শহিদুল ইসলাম এফসিএ কোম্পানির নতুন স্বতন্ত্র পরিচালক হিসেবে নিয়োগের জন্য তার আশ্রয় প্রকাশ করেছেন। কোম্পানির পরিচালনা পর্ষদ আগত এপ্রিল-এ শেয়ারহোল্ডারদের অনুমোদন সাপেক্ষে মোঃ শহিদুল ইসলাম এফসিএ কে আগামী ৩ বছরের জন্য স্বতন্ত্র পরিচালক হিসেবে নিয়োগের সুপারিশ করেছেন। তার সংক্ষিপ্ত বৃত্তান্ত পৃষ্ঠা নং ১৫ দেয়া হয়েছে।

সার্টিফিকেট অন কমপ্লায়েন্স অফ করপোরেট গভর্নেন্স-এর জন্য পেশাদার হিসাবরক্ষক অথবা সচিব নিয়োগ

মালেক সিদ্দিক ওয়ালী, চার্টার্ড অ্যাকাউন্টেন্টস্কে ২০১৮ সালে সার্টিফিকেট অন কমপ্লায়েন্স অফ করপোরেট গভর্নেন্স-এর জন্য নিয়োগ দেওয়া হয়েছিলো। তাঁরা ২০১৯ সালে নিয়োগ পেতে আশ্রয় প্রকাশ করেছেন। পরিচালনা পর্ষদ আগামী বার্ষিক সাধারণ সভায় শেয়ারহোল্ডারদের অনুমোদন সাপেক্ষে যোগ্যতার ভিত্তিতে তাঁদেরকে ২০১৯ সালের সার্টিফিকেট অন কমপ্লায়েন্স অফ করপোরেট গভর্নেন্স প্রদানের জন্য নিয়োগ ও তাদের পারিশ্রমিক বাবদ ৩০,০০০ টাকা (ত্রিশ হাজার টাকা মাত্র) সম্মানী প্রদানের সুপারিশ করেছেন।

কর্পোরেট গভর্নেন্স

কর্পোরেট গভর্নেন্সের উপর আলাদা প্রতিবেদন পৃষ্ঠা নং ৪১-৪৮ এ দেওয়া হয়েছে।

জাতীয় অর্থনীতিতে অবদান

আমরা বিশ্বাস করি যে, ব্যবসা পরিচালনার পাশাপাশি দেশ ও সমাজের উন্নয়নে অংশ নেওয়াও আমাদের দায়িত্ব। আয়কর, মূল্য সংযোজন কর (মূসক) ও আবগারি শুল্ক প্রভৃতি প্রদানের মাধ্যমে এটিএল জাতীয় রাজস্ব অবদান রাখছে। ২০১৮ সালে জাতীয় রাজস্ব এটিএল-এর অবদান নিচে দেওয়া হলো:

বিবরণ	(সংখ্যাগুলো বাংলাদেশি মিলিয়ন টাকায়)	(সংখ্যাগুলো বাংলাদেশি মিলিয়ন টাকায়)
	২০১৮	২০১৭
কোম্পানির আয়ের উপর দেওয়া আয়কর	৪৩.৮৮	৩০.১৯
সরকারের পক্ষ থেকে উৎসে কর আদায়	৯.৯৩	১১.৪৬
মূল্য সংযোজন কর (মূসক)	১০৩.৮০	৮৫.৩৮
শুল্ক	১২.৬০	১৪.৮৮
মোট	১৭০.২১	১৪১.৯১

দক্ষ জনবল প্রতিষ্ঠানের জন্য খুবই গুরুত্বপূর্ণ। এ-বিষয়টি মনে রেখে এটিএল এর কর্মীবৃন্দের বেতন-ভাতা বাবদ ৭৬.১৫ মিলিয়ন টাকা খরচ করেছে।

ক্রেডিট রেটিং

ন্যাশনাল ক্রেডিট রেটিংস্ লিমিটেড পুনর্নিশ্চিত করেছে যে, আমরা টেকনোলজিস লিমিটেড-এর দীর্ঘমেয়াদী রেটিং AA- এবং স্বল্পমেয়াদী রেটিং ST-২ - যা প্রদত্ত হয়েছে কোম্পানির ২০১৭ সালের আর্থিক বিবরণীর ভিত্তিতে।

কৃতজ্ঞতা প্রকাশ

কোম্পানির পরিচালনা পর্ষদ সহযোগিতা ও বিভিন্ন সময়ে দিক নির্দেশনা প্রদানের জন্য এর অংশীদারদের আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানাচ্ছে। কোম্পানির পরিচালকবৃন্দ তাঁদের গ্রাহক, পৃষ্ঠপোষক ও নিয়ন্ত্রক সংস্থার প্রতি পরামর্শ ও সমর্থনের জন্য, নিরীক্ষকদের - তাঁদের সহযোগিতার হাত প্রসারিত করার জন্য এবং কোম্পানির সকল পর্যায়ের কর্মী - যারা নিষ্ঠার সঙ্গে কাজ করে আসছেন কোম্পানির সক্ষমতা ধরে রাখতে - তাঁদের সবার প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করছে।

পরিচালনা পর্ষদের পক্ষে


সৈয়দ ফারুক আহমেদ

চেয়ারম্যান

Audit Committee Report

The audit committee makes recommendation on the reporting, control and compliance aspects of the Directors' and the Company's responsibilities, providing independent monitoring, guidance and challenge to executive management in these areas. The audit committee on behalf of the board strives to ensure effective implementation of the processes and procedures set out in the business plans and policies. Its aim is to ensure that high standards of corporate reporting, control and compliance are achieved, in the belief that excellence in these areas enhances the effectiveness and reduces the risks of the business.

The composition of the committee

In accordance with the currently accepted best practices and corporate governance guidelines, the board appointed audit committee comprises of the following non-executive and independent Director:

Name	Designation	Position in the Board
K. M. Hasan FCA	Chairman	Independent Director
Syeda Munia Ahmed	Member	Director
Fahmida Ahmed	Member	Director

The Committee held four meetings during the year under review. The terms of reference of the audit committee clearly defines the roles and responsibilities of the audit committee. The terms of reference is periodically reviewed and revised with the concurrence of the board of directors. The roles and functions of the committee are further regulated by the rules governing the audit committee as specified by the conditions/ guidelines on corporate governance issued by the Bangladesh Securities and Exchange Commission.

Activities of the Audit Committee

For the year ended on 30 June 2018, the Audit Committee of the Board of Directors conducted four meetings in which among other things, the following issues were discussed/evaluated/reviewed and provided guidelines and necessary instruction: Reviewed the company's Financial Statements- Statement of Financial Position, Statement of profit or loss & Comprehensive Income, Statement of Changes in Equity, statement of Cash Flows and related explanatory notes as on 30 June 2018.

- Reviewed the Company's 1st Quarterly Un-Audited Financial Statements- Statement of Financial Position, Statement of Comprehensive Income, Statement of Changes in Equity, statement of Cash Flows and related explanatory notes as on 30 September 2017.
- Reviewed and approved the Annual Financial Statements prepared for publication, prior to submission of the Board.
- Recommended for appointment of External Auditors in Annual General Meeting (AGM) of the Company.
- Reviewed Compliance on observations, recommendations and decisions of the Audit Committee Meetings.
- Reviewed the Company's Half Yearly Un-Audited Financial Statements- Statement of Financial Position, Statement of Comprehensive Income, and Statement of Changes in Equity, statement of Cash Flows and related explanatory notes as on 31 December 2017.
- Reviewed the Company's 3rd Quarterly Un-Audited Financial Statements- Statement of Financial Position, Statement of Comprehensive Income, Statement of Changes in Equity, statement of Cash Flows and related explanatory notes as on 31 March 2018.
- Reviewed the effectiveness and independence of the statutory auditors;
- Reviewed the audited financial statements with the external auditors;

Acknowledgement

The Audit Committee expressed its sincere thanks to the members of the Board, Management and the auditors for their support in carrying out their duties and responsibilities effectively.



K. M. Hasan, FCA
 Chairman, Audit Committee

CEO AND CFO'S DECLARATION

to the Board of Directors

Date: October 22, 2018

The Board of Directors
Aamra technologies limited
F.R Tower (9th Floor)
32, Kemal Ataturk Avenue
Banani C/A, Dhaka

Subject: CEO & CFO's Declaration to the Board of Directors.

Dear Sir,

In compliance with condition number 6 as imposed by the Bangladesh Securities & Exchange Commission's Notification SEC/CMRRCD/2006-158/134/Admin/44 dated August 07, 2012 issued under Section 200 of the Securities & Exchange Ordinance, 1969, we do hereby certify to the Board of Directors That:

We have reviewed the statements for the year ended on June 30, 2018 and that to the best of our knowledge and belief; These statements do not contain any materially untrue statements or omit any material fact or contain statements that might be misleading;

These statements together present a true and fair view of the company's affair and are in compliance with existing accounting standards and applicable laws.

There are, to the best of knowledge and belief, no transaction entered into by the company during the year which are fraudulent, illegal or violation of the company's code of conduct.

With the Best Regards

Sincerely yours,



(Syed Farhad Ahmed)
Managing Director & CEO



(Md. Anamul Haque)
Chief Financial Officer

REPORT ON CORPORATE GOVERNANCE

Corporate governance is about commitment to values and ethical business conduct. It provides for a structure that works for the benefit of its stakeholders by ensuring that the enterprise adheres to accept ethical standards and best practices as well as to applicable laws, procedures and implicit rules. Good Corporate Governance principles encourage the Company to create value through innovations, development and exploration on one hand and on the other to provide accountability and control systems commensurate with the risks involved. The other important part of the Corporate Governance is disclosure of information regarding the financial position of the Company, its performance, ownership and governance in a timely and accurate way. These disclosures help in improving the public understanding of the structure, activities and policies of the organization.

Thus, Corporate Governance is about promoting corporate fairness, transparency and accountability. Corporate Governance guidelines developed over a period of time in Bangladesh, are protected through Bangladesh Securities & Exchange Commission's Notification No.SEC/CMRRCD/2006 -158/134/Admin/44 dated August 07, 2012.

Corporate Governance at ATL

ATL's corporate governance policies recognize the importance of the transparency to all its constituents; including employees, customers, investors, and the regulatory authorities demonstrating that the shareholders are the ultimate beneficiaries of the Company's economic activities.

In addition to the primary role of monitoring corporate performance, the function of the Board includes approving a business plan, reviewing and approving annual budgets and borrowing limits, fixing exposure limits and ensuring that our shareholders are kept informed about our plans, strategies and performance. To enable the Board of Directors to discharge these responsibilities effectively, the management provides detailed reports on performance to the Board on quarterly basis. The Board of Directors also functions through various committees such as the Audit Committee.

Ethics & Compliance

ATL's corporate governance philosophy encompasses not only regulatory and legal requirements, but also other practices aimed at a high level of business ethics, effective supervision and enhancement of value for all shareholders.

We are performing ethically and efficiently to generate long-term value and wealth for all its stakeholders. The Corporate Governance principles of the Company ensures that the Board remains informed, independent and involved in the Company and there are ongoing efforts towards better corporate governance to mitigate "non business" risks. The Board periodically reviews the compliance of all applicable laws and gives appropriate directions, wherever necessary.

Board of Directors

The basic responsibility of the Board is to provide effective governance over the Company's affairs exercising its reasonable business judgments on behalf of the Company. The Company's business is conducted by its employees under the direction of the Managing Director and the overall supervision of the Board. The Board members have collective experience in diverse fields of business.

In order to comply with the BSEC's notification dated August 7, 2012 on Corporate Governance, the Board of ATL has appointed one eminent personality as Independent Director of the Company. Thus, the Board of ATL comprises of 5 (Five) members of which three are Non-Executive Directors, one Executive Director and one Independent Directors. The goal has been to form a Board, which is cohesive and has the expertise for quick and informed decision making.

Role of the Board

The Board of Directors is in full control of the Company's affairs and is also accountable to the shareholders. The Board is committed to achieve greater financial performances and long term prosperity, while meeting stakeholders' expectations of sound corporate governance practices.

Changes in the Board

As per the Articles of Association of the Company 1/3 Directors of the Company will retire by rotation each/every year. In this regard Syeda Munia Ahmed and Fahmida Ahmed is retired from the board and recommended for re-election as director as they are eligible for the re-election. The position of Independent Director is also changed in this year.

Board Meetings

The Company holds at least four Board meetings in a year, one in each quarter inter-alia to review the financial results of the Company. The gap between the two Board Meetings does not exceed three months. Apart from the four scheduled Board Meetings, additional Board Meetings are also convened to address the specific requirements of the Company. Urgent matters are also approved by the Board by passing resolutions through circulation. During the year under review 12 meetings of the Board were held.

The following information has been given to the Board either as a part of the agenda of the meeting or by way of presentation during the meeting:

- Annual operating plans, budgets and performances
- Quarterly, half-yearly and annual results of the Company
- Minutes of the meeting of the Audit committees
- Significant regulatory matters
- Detailed risk analysis and asset liability management report
- Details of Investments
- Compliance of statutory /regulatory/Listing Agreements.
- Such other material and significant information

The Board performs following functions in addition to overseeing the overall business and management:

- Review, monitor and approve major financial and business strategies and corporate actions.
- Assess critical risks facing by the Company – review options for their mitigations.
- Ensures that the processes are in place for maintaining the integrity of :
 - The Company.
 - The financial statements.
 - Compliance with law.
 - Relationship with customers and shareholders.
 - Delegation of appropriate authority to the Senior Executives of the Company for effective management of operations.

Meeting Attendance & Directors Remuneration

The Board members receive only fees for attending Board/Committee meetings and they are not allowed other remuneration or incentive except Syed Farhad Ahmed.

Audit Committee

The primary role of the Audit Committee is overseeing the financial reporting process and disclosure of financial information, reviewing the financial statements before submission to the Board, reviewing adequacy of internal control systems and reviewing findings of internal investigations besides recommending appointment/ removal of statutory auditors and fixing their remuneration. A separate report on the activities of the Audit Committee is attached in the page no. 39 of this report.

Role of the Chairman

The Chairman serves as the primary link between the Board and Management, and works with the CEO and Company Secretary to set the agenda of the Board Meetings. He provides leadership to the Board and ensures that the Board works effectively and discharges its responsibilities efficiently.

Chairman & Managing Director/CEO of the Company are different persons

Chairman of the Board and Managing Director of the Company are different persons with different roles and responsibilities, defined by the Board and thereby preventing unregulated powers of decision making on a single hand. The Chairman is a Non-executive Director while the Managing Director is an Executive Director.

Role of the Managing Director & CEO

The Managing Director & CEO is the key person and is responsible for running the business of the Company. He is also responsible for formulating as well as implementing Board strategy and policy. The Managing Director is responsible for establishing and executing the Company's operating plan that is necessary to achieve the Company's objectives. He has the overall control on the Company's day-to-day affairs and is accountable to the Board for the financial and operational performance of the Company.

Role of the Company Secretary

Company Secretary is responsible for advising the Board through the Chairman on all governance matters. He is also responsible for ensuring proper information flow with the Board and its Committees and between the management and the non-executive directors. He is also acting as bridge between the regulators/stakeholders and the Company.

Role of the Head of Internal Control & Compliance

The head of Internal Control and Compliance is responsible for reporting to the Board Audit Committee regarding deviations from accounting and internal control system. He is also leading the internal audit team of the Company.

Internal Control and Compliance

